আজকের কাগজ

তারিখ 04 DEC 1992
পৃষ্ঠা ৭ কলাম ২

১৪

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিবিরের হত্যা তালিকা

ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিবিরের সশস্ত্র ক্যাডাররা বিশ্ববিদ্যালয়ের প্রগতিশীল ছাত্রসংগঠনের নেতাদের হত্যার তালিকা তৈরি করে একটি গোপন লিফলেট বিলি করছে। শিবিরের এই হত্যা তালিকায় বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ (ম-ই) সভাপতি শাজাহান আলম সাজু, সাধারণ সম্পাদক আলমগীর হোসেন খান, জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি মির্জা ওয়ালিদ হোসেন শিপন, সাধারণ সম্পাদক আরিফুন ইসলামসহ সর্বদলীয় ছাত্রঐক্যের বেশ কয়েকজন নেতার নাম এই হত্যা তালিকার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে।

এদিকে শিবিরের সশস্ত্র ক্যাডাররা বিশ্ববিদ্যালয় বন্ধ থাকা সত্ত্বেও ক্যাম্পাসে আগ্নেয়াস্ত্র নিয়ে মিছিল অব্যাহত রেখেছে।

অন্যদিকে তারা প্রধানমন্ত্রী খালেদা জিয়া কর্তৃক বিশ্ববিদ্যালয়কে উপহৃত বাস থেকে প্রধানমন্ত্রী খালেদা জিয়ার নাম মুছে ফেলেছে। ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে আব্বাস উদ্দিন আহমেদ।